সংবাদ

তারিখ 07 JAN 2015
পৃষ্ঠা ... কলাম ...

### বিনামূল্যের বই

# প্রাপ্তির আনন্দ মানে ম্লান

**প্রতিনিধি, লামা (বান্দরবান)**

বান্দরবানের লামায় প্রাথমিক স্তরে সরকারের বিনামুল্যে বিতরণ করা পাঠ্যপুস্তকে নানা অসঙ্গতির অভিযোগ পাওয়া গেছে। বইয়ের বাহিরে প্রচ্ছদে এক রকম ভেতরে আরেক রকম। ভুল ছাড়াও নিম্নমানের কাগজে ছাপা বই নিয়ে বিপাকে পড়েছে কোমলমতি শিক্ষার্থীরা। স্কুল পর্যায়ে বই বিতরণ উৎসব শেষে শিশুরা পড়তে গিয়ে নানা অসংগতি ধরা পড়ছে। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

উপজেলা শিক্ষা অফিসে গিয়ে বই পর্যালোচনায় দেখা গেছে, পঞ্চম শ্রেণীর বিতরণকৃত ইংরেজী বিষয়ের বইের বাইরের মলাটে ENGLISH FOR TODAY_5 লিখা থাকলেও ভিতরের পুরো বিষয়টাই সমাজ বিজ্ঞান। একইভাবে বাংলা, ইংরেজী ও গণিত বিষয়ের বইের ভিতরে অনেকগুলো পৃষ্টা নেই। এছাড়া বইের কাগজগুলো, অতি নিম্নমানের হওয়ায় কোমলমতি শিশুরা নতুন বই পেয়েও আগের মতো খুশি হতে পারেনি বলে জানান শিক্ষকরা। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার যতীন্দ্র মোহন মণ্ডল বলেন, বই বিতরণের আগে আমরা এগুলো খুলে দেখিনি। অপর এক প্রশ্নোত্তরে শিক্ষা অফিসার বলেন, উপজেলার ৮৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ ও এনজিও এবং কিন্ডারগার্টেন স্কুল মিলে ৯৯টি শিক্ষা প্রতিষ্ঠানের ১ম শ্রেণীর ৫ হাজার ৯শ, ২য় শ্রেণীর ৬ হাজার, ৩য় শ্রেণীর ৫ হাজার ৩শ, ৪র্থ শ্রেণীর ৪ হাজার ৬শ এবং ৫ম শ্রেণীর ৩ হাজার ৬শ জন ছাত্রছাত্রীর জন্য বইের চাহিদা দেয়া হয়। এর মধ্যে যথা সময়ে ১ম ও ২য় শ্রেণীর শতভাগ বই পেয়ে বিতরণ করা হয়েছে। সেই সাথে ৩য় থেকে ৫ম শ্রেণীর ৬টি বিষয়ের মধ্যে বাংলা, গণিত ও ইংরেজী- এ তিন বিষয়ের বই পেয়ে বিতরণ করেছেন। পরিবেশ পরিচিতি সমাজ, পরিবেশ পরিচিতি বিজ্ঞান ও ধর্ম বিষয়ের বই এখনো পাওয়া যায়নি। তবে এ সপ্তাহের মধ্যে অবশিষ্ট তিন বিষয়ের বই এসে যাবে বলে শিক্ষা কর্মকর্তা জানান।